গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mochta.gov.bd

বার্ষিক উন্নয়ন কর্মসূচি সংক্রান্ত অক্টোবর/২০২৫ মাসের পর্যালোচনা সভা।

সভাপতি
সভার তারিখ ১৬ নভেম্বর ২০২৫ খ্রি.
সভার সময় সকাল ১১.৩০ টা
স্থান সভাকক্ষ, পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স, বেইলি রোড, ঢাকা
উপস্থিতি পরিশিষ্ট-ক।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। মাননীয় উপদেষ্টার শুভেচ্ছা বক্তব্যের পর সভাপতি সভার কার্যপত্র উপস্থাপনের জন্য উপসচিব (উন্নয়ন)-কে অনুরোধ জানান। উপসচিব (উন্নয়ন) নিম্নরূপ আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

০২। আলোচ্যসূচি-০১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ:
বিগত ১৪/১০/২০২৫ তারিখে অনুষ্ঠিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। আলোচ্যসূচি-০২: প্রকল্প ও উন্নয়নসহায়তার অগ্রগতি পর্যালোচনা:

ক্রম	আলোচ্য বিষয়	পর্যালোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
৩.১	এডিপিভুক্ত প্রকল্প/কর্মসূচী সার্বিক বাস্তবায়ন অগ্রগতি	ক) উপসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন, ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে ৩৩৭.৫৭ কোটি টাকা (জিওবি-**১৩৩.৪৬** কোটি, পিএ-**২০৪.১১** কোটি বরাদ্দ রয়েছে। চলতি অর্থবছরে এডিপিভুক্ত ৮টি প্রকল্প (অনুমোদিত) রয়েছে। এডিপিভুক্ত ৮টি প্রকল্পের মধ্যে ২টি প্রকল্পে চলমান এডিপিতে কোনো বরাদ্দ নেই, অবশিষ্ট ৬টি প্রকল্পে বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দ হতে মোট ৩৭৪২.০৮ লক্ষ টাকা অবমুক্ত হয়েছে। মোট ব্যয়ের পরিমান ২৩৮৫.০৮ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ২.৬৮%। জাতীয় অগ্রগতি ৫.০৯%। আমরা জাতীয় অগ্রগতি হতে পিছিয়ে আছি। সভাপতি মহোদয় বলেন, ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট/সংশোধিত বাজেট বরাদ্দের ন্যূনতম শতকরা ৬০ ভাগ অর্থ প্রথম তিন কোয়ার্টারে ব্যয় সম্ভব না হলে চতুর্থ কোয়ার্টারের অর্থ ছাড় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। খ) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের পরিচালক জানান, আলোচ্য প্রকল্পটি জুন/২০২৬ শেষ হবে। নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সমাপ্ত করা সম্ভব হবেনা। প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। এ বিষয়ে উপসচিব (উন্নয়ন) প্রকল্প শেষ হওয়ার অন্তত ০৩মাস পূর্বে সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য প্রকল্প পরিচালক মহোদয়কে অবহিত করেন। গ) Climate Resilient Livelihood Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT) Sector Project (LGED Part) শীর্ষক প্রকল্পের বিষয়ে	ক.২: ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট/সংশোধিত বাজেট বরাদ্দের ন্যূনতম শতকরা ৬০ ভাগ অর্থ প্রথম তিন কোয়ার্টারে ব্যয় করতে হবে। খ) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করতে হবে এবং প্রকল্প শেষ হওয়ার অন্তত ০৩মাস পূর্বে সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। গ) দ্রুত দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে বিধি মোতাবেক ব্যয় করতে হবে।	ক) সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচী পরিচালক ও সংশ্লিষ্ট প্রকল্প/ কর্মসূচী বাস্তবায়নকারী সংস্থা। খ) প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প ও পরিকল্পনা-১ শাখা। গ) প্রকল্প পরিচালক, (CRLIWM-CHT) Sector Project (LGED Part, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি ও পরিকল্পনা-১ শাখা।

		উক্ত প্রকল্পের কর্মরত সিনিয়র সহকারী প্রকৌশলী জানান, চলতি অর্থবছরে বরাদ্দকৃত ৫৫৬৭.০০ লক্ষ টাকা ৯৭০.৫০ লক্ষ টাকা অবমুক্ত হয়েছে। অবমুক্তকৃত অর্থ হতে ৯৭০.৫০ (১৭.৪৩%) লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ বিষয়ে উপসচিব (উন্নয়ন) দ্রুত দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে বিধি মোতাবেক ব্যয় করার জন্য অভিমত ব্যক্ত করেন। ঘ) Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the CHT (CRLIWM-CHT) Sector Project (CHTRC Part) শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জানান, আলোচ্য প্রকল্পে চলতি অর্থবছরে ১৭২৯৬.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে মন্ত্রণালয় কর্তৃক ৩১৭.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় হতে অথোরাইজেশন না পাওয়ায় অর্থ ব্যয় করা সম্ভব হচ্ছে না।	ঘ) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়ের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় উদ্যোগ করতে হবে।	ঘ) প্রকল্প পরিচালক, (CRLIWM-CHT) Sector Project (CHTRC) Part, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি ও পরিকল্পনা-১ শাখা।
		ঙ) “পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র্য বিমোচন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জানান, চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে গৃহীত কার্যক্রম সুষ্ঠু ও সুচারুভাবে সম্পাদনের লক্ষ্যে ১ম কিস্তিতে প্রাপ্ত বরাদ্দ হতে প্রকল্প কর্মীদের জুলাই-আগস্ট দুই মাসের বেতন প্রদান করা হয়েছে। তিন জেলায় স্থাপিত ২৮৫ টি তুলা প্লট প্রদর্শনী Whatsapp প্রযুক্তির মাধ্যমে মনিটরিং চলমান রয়েছে। যুগ্মসচিব (উন্নয়ন) বলেন, প্রকল্পটি ডিসেম্বর/২০২৫ সমাপ্ত হবে। বরাদ্দকৃত অর্থ নির্ধারিত সময়ের মধ্যেই ব্যয় করতে হবে ।	ঙ) “পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র্য বিমোচন (১ম সংশোধিত)” প্রকল্পটির বরাদ্দকৃত অর্থ ডিসেম্বর/২০২৫ এর মধ্যে ব্যয় করতে হবে।	ঙ) প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র্য বিমোচন (১ম সংশোধিত) প্রকল্প ও পরিকল্পনা-২ শাখা।
		চ) “পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পের (২য় পর্যায়)” প্রকল্পের বিষয়ে প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের আওতায় পাড়াকেন্দ্রের কার্যক্রম যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে বোর্ডের সকল সদস্য ও কর্মকর্তাগণকে তাদের নিয়মিত কাজের পাশাপাশি পাড়াকেন্দ্রসমূহ পরিদর্শন/দর্শন করার অনুরোধ জানিয়ে গত ২৮/১০/২০২৫খ্রি: তারিখে পত্র প্রদান করা হয়েছে। উপদেষ্টা মহোদয় বলেন, “পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পের (২য় পর্যায়)” আওতায় যদি কোন স্কুলের ভবন নির্মাণ করা হয় সেটি অবশ্যই Planwise location নির্ধারণ করে নির্মাণ করতে হবে। বিষয়টি লক্ষ্য রেখে কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। উপসচিব (উন্নয়ন) জানান, পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পে একজন পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সে বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	চ.১) পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। চ.২) Planwise location নির্ধারণপূর্বক স্কুল বিল্ডিং নির্মাণ করতে হবে। চ.৩) পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পে একজন পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/ পরিকল্পনা-২ শাখা/ প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প (২য় পর্যায়)।
		ছ) রাঙ্গামাটি পার্বত্য জেলার যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে প্রত্যন্ত এলাকায় সংযোগ সড়ক সহ আর.সি.সি.গার্ডার ব্রীজ নির্মাণ শীর্ষক প্রকল্পের বিষয়ে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ভাইস চেয়ারম্যান জানান, আলোচ্য প্রকল্পে চলতি অর্থবছরে ১৩৬০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত বরাদ্দ হতে ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।		ছ) পরিকল্পনা-২ শাখা
		জ) বান্দরবান জেলার উপজেলাগুলোতে বিভিন্ন প্রযুক্তির মাধ্যমে সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ শীর্ষক প্রকল্পের বিষয়ে উপসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করে বলেন, এ প্রকল্পে চলতি অর্থবছরে ১২৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। প্রকল্পটি চলমান অর্থবছরে শেষ হবে। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় হতে অথোরাইজেশন প্রদানের জন্য প্রকল্প পরিচালককে	ছ) দ্রুত অর্থ অবমুক্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	জ) প্রকল্প পরিচালক, বান্দরবান জেলার উপজেলাগুলোতে বিভিন্ন প্রযুক্তির মাধ্যমে সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ শীর্ষক প্রকল্প ও

		যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে অভিমত ব্যক্ত করেন।	জ) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়ের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় উদ্যোগ করতে হবে।	পরিকল্পনা-১ শাখা।

৩.২	২০২৫-২০২৬ অর্থবছরে ৩টি উন্নয়ন সহায়তার আওতায় গৃহীত নতুন স্কিমসহ চলমান স্কিমের বাস্তবায়ন অগ্রগতি	ক.১) ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) আওতায় ৩৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত বরাদ্দ হতে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অনুকূলে ১০৬০০.০০ লক্ষ টাকা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের অনুকূলে ৭৫২৫.০০ লক্ষ টাকা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদের অনুকূলে ৭২৮৫.০০ লক্ষ টাকা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের অনুকূলে ৭২৮৫.০০ লক্ষ টাকা এবং মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন স্কীমের অনুকূলে ৩০৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দ অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ হতে স্কীম গ্রহণ করা হয়েছে। উপদেষ্টা মহোদয় বলেন, প্রাক্কলিত ব্যয়ের সাথে সামঞ্জস্য রেখে চলতি অর্থবছরে বরাদ্দ রাখা প্রয়োজন। তিনি পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) এর আওতায় গৃহীত জীবিকা উন্নয়ন, ই-লানিং, কফি-কাজুবাদামসহ সকল স্কিমের ডিএসপি জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ ও মন্ত্রণালয় হতে দ্রুততার সহিত DSP অনুমোদন করতে হবে। ১৫ই ডিসেম্বর ২০২৫ এর মধ্যে দরপত্র আহবান ও অন্যান্য কার্যক্রম শেষ করে দ্রুত কার্যক্রম শুরু করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। উপসচিব (উন্নয়ন) সভায় জানান যে, চলমান অর্থবছরে ৪৪৮টি স্কিম গ্রহণ করা হয়েছে। উক্ত স্কিম বাস্তবায়নের জন্য ৩৫৩টি DSP পাওয়া গেছে এবং অবশিষ্ট ৯৫টি DSP পাওয়া যায় নাই। অবশিষ্ট DSP দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অবহিত করেন। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড হতে ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ হতে প্রাপ্ত ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ের প্রেরণ করা হয়েছে। ক.৩) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) এর আওতায় স্কিম গ্রহণের বিষয়ে উপদেষ্টা মহোদয় সভাকে অবহিত করে বলেন, আগামী ২০২৬-২০২৭ অর্থ বছরের স্কিমের তালিকা ৩০ জুন/২০২৬ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। খ) পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (কোড নং ২২১০০১০০০) এর আওতায় ১০০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত বরাদ্দ হতে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে ৩৩০০.০০ লক্ষ টাকা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে ৩৪০০.০০ লক্ষ টাকা এবং বান্দরবান পার্বত্য জেলা পরিষদে ৩৩০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দের অনুকূলে খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ যথাক্রমে ৫৯২টি, ২২৭টি এবং ১১১টি স্কিম এর তালিকা পাওয়া গেছে। তালিকা মোতাবেক ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড-২২১০০১১০০)-এর আওতায় ১০০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। উক্ত বরাদ্দের অনুকূলে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড হতে ৭৪৪টি স্কিম এর তালিকা পাওয়া গেছে। তালিকা মোতাবেক ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	ক.১) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) এর আওতায় গৃহীত জীবিকা উন্নয়ন, ই-লানিং, কফি-কাজুবাদামসহ সকল স্কিমের ডিএসপি মন্ত্রণালয়ে প্রেরণ এবং ১৫ই ডিসেম্বর ২০২৫ এর মধ্যে দরপত্র আহবান ও অন্যান্য কার্যক্রম শেষ করে দ্রুত কার্যক্রম শুরু করতে হবে। ক.২) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এবং পার্বত্য রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ হতে প্রাপ্ত ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ক.৩) আগামী ২০২৬-২০২৭ অর্থ বছরের স্কিমের তালিকা ৩০ জুন/২০২৬ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। খ) পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (কোড নং ২২১০০১০০০) এর আওতায় বরাদ্দকৃত অর্থের ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। গ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড-২২১০০১১০০)-এর আওতায় বরাদ্দকৃত অর্থের ১ম ও ২য় কিস্তির অর্থ অবমুক্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	ক.১) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি, বান্দরবান খাগড়াছড়ি এবং উন্নয়ন শাখা, পাচবিম ক.২) বাজেট-১৮ শাখা, অর্থ বিভাগ, মন্ত্রণালয়/ উপসচিব (উন্নয়ন), পাচবিম। ক.৩) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি, বান্দরবান খাগড়াছড়ি এবং উন্নয়ন শাখা, পাচবিম খ) বাজেট-১৮ শাখা, অর্থ বিভাগ, মন্ত্রণালয়/ উপসচিব (উন্নয়ন), পাচবিম। গ) উপসচিব (উন্নয়ন), পাচবিম।

৩.৩		চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে অর্থছাড়ের ক্ষেত্রে জটিলতা রোধের জন্য অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ বাজেটে বর্ণিত ৩টি উন্নয়ন সহায়তার অর্থ পিএল একাউন্টের মাধ্যমে পরিচালনা করবে। জরুরিভিত্তিতে পিএল একাউন্ট খোলার জন্য গুরুত্বারোপ করা হয়। উপসচিব (উন্নয়ন) বলেন, পিএল একাউন্ট সৃজনের জন্য পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, তিন পার্বত্য জেলা পরিষদ, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ হতে প্রাপ্ত পিএল একাউন্ট সৃজনের প্রস্তাব ইতোমধ্যে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় হতে সিএএন্ডএফও বরাবর প্রেরণ করা হয়েছে। সভাপতি সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক পিএল একাউন্ট সৃজনের বিষয়টি তদারকি করার নির্দেশনা প্রদান করেন।	চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিভুক্ত প্রকল্প/উন্নয়ন সহায়তার অর্থছাড়ের ক্ষেত্রে জটিলতা রোধের জন্য অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের অনুকূলে পিএল একাউন্ট সৃজন করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক পিএল একাউন্ট সৃজনের বিষয়টি তদারকি করতে হবে।	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ।
৩.৪	বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত প্রকল্পের তালিকা সংক্রান্ত	অতিরিক্ত সচিব (উন্নয়ন) এডিপির সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পগুলি যথাশীঘ্র অনুমোদনের লক্ষ্যে ডিপিপি প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। যেসব প্রকল্প মন্ত্রণালয়ে বা পরিকল্পনা কমিশনে রয়েছে সেগুলো দ্রুত প্রক্রিয়াকরণপূর্বক অনুমোদনের ব্যবস্থা নিতে হবে মর্মে সভায় দিকনির্দেশনা দেয়া হয়। এছাড়া প্রয়োজনীয়তার নিরিখে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে। উপসচিব উন্নয়ন বলেন, ২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপি নির্দেশনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা হতে চলমান প্রকল্পের চাহিদা ও সবুজ পাতার অর্ন্তভুক্ত প্রকল্পের প্রস্তাব ১৮/১১/২০২৫ তারিখের মধ্যে AMS Software এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা আবশ্যক। এ বিষয়ে সকলকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভাকে অবহিত করেন।	ক.১) এডিপির সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পগুলি যথাশীঘ্র অনুমোদনের লক্ষ্যে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং যেসব প্রকল্প মন্ত্রণালয়ে বা পরিকল্পনা কমিশনে রয়েছে সেগুলো দ্রুত প্রক্রিয়াকরণপূর্বক অনুমোদনের ব্যবস্থা নিতে হবে। এছাড়া প্রয়োজনীয়তার নিরিখে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে। ক.২) ২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপি নির্দেশনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা হতে চলমান প্রকল্পের চাহিদা ও সবুজ পাতার অর্ন্তভুক্ত প্রকল্পের প্রস্তাব ১৮/১১/২০২৫ তারিখের মধ্যে AMS Software এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	উন্নয়ন অনুবিভাগ, পাচবিম, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও পরিকল্পনা-১/২ শাখা।
৪	**বিবিধ**			
	পরিবেশ বান্ধব ইটভাটা নির্মাণ	উপদেষ্টা মহোদয় মতামত ব্যক্ত করেন যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় থেকে তিন পার্বত্য জেলায় ট্রেডিশনাল ইটভাটা নির্মাণ ও পরিচালনার বিধিনিষেধ রয়েছে। তাই এ বিষয়ে বিকল্প ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এ পরিপ্রেক্ষিতে যুগ্মসচিব (উন্নয়ন) অভিমত ব্যক্ত করেন যে, তিন পার্বত্য জেলা পরিষদ ব্লক ইট তৈরির স্কিম গ্রহণ অথবা পরিবেশ বান্ধব ইটভাটা স্থাপনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করতে পারে।	তিন পার্বত্য জেলায় ব্লক ইট তৈরী অথবা পরিবেশ বান্ধব ইটভাটা স্থাপনের জন্য (সংবিধি-বিধানের আলোকে) পদক্ষেপ গ্রহণ করতে হবে।	রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
	উন্নয়ন সহায়তার আওতায় নতুন অর্থনৈতিক কোড সৃজন	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ভাইস চেয়ারম্যান বলেন, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা ও উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তার বরাদ্দ বিভাজনের জন্য নতুন অর্থনৈতিক কোড সৃজন করা প্রয়োজন। এ বিষয়ে উপসচিব (উন্নয়ন) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি/রাঙামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদে যেসকল নতুন অর্থনৈতিক কোড সৃজনের প্রয়োজনীয়তা আছে, সেগুলোর যৌক্তিক ব্যাখ্যাসহ দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।	উন্নয়ন সহায়তার আওতায় নতুন অর্থনৈতিক কোড সৃজনের যৌক্তিক ব্যাখ্যাসহ দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, উন্নয়ন শাখা।

০৫। সভাপতি উপস্থিত সকলকে গৃহীত সকল উন্নয়নমূলক কর্মকান্ড যথাযথভাবে সম্পাদনের আহবান ও ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভা সমাপ্ত হয়।

০৩-১২-২০২৫
মো. আবদুল খালেক
সচিব

নম্বর: ২৯.০০.০০০০.০০০.২২৫.০৬.০০০১.১৯.১৮৯

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ।
২। সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পন কমিশন।
৩। সদস্য (সিনিয়র সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান পরিকল্পনা কমিশন ।
৪। চেয়ারম্যান(সিনিয়র সচিব পদমর্যাদা), ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
৫। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ ।
৬। সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ।
৭। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন ।
৮। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ ।
৯। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন ।
১০। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর , পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড।
১১। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
১৩। প্রধান স্থপতি, প্রধান স্থপতির দপ্তর, স্থাপত্য অধিদপ্তর।
১৪। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
১৫। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
১৬। চেয়ারম্যান, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি, পার্বত্য জেলা পরিষদ।।
১৭। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। ভাইস-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড।
১৯। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়- রাঙ্গামাটি।
২০। পরিচালক, পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স, বেইলি রোড, ঢাকা (সভাকক্ষ প্রস্তুত রাখাসহ সভা চলাকালীন সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
২১। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
২২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলায় উপজেলাগুলোতে বিভিন্ন প্রযুক্তির মাধ্যমে সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ' শীর্ষক প্রকল্প।
২৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
২৪। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৫। সদস্য-বাস্তবায়ন, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি ও প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় সুগারক্রপ চাষাবাদ জোরদার করণ' শীর্ষক প্রকল্প।
২৬। সদস্য-অর্থ, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র বিমোচন' শীর্ষক প্রকল্প এবং 'পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ' শীর্ষক প্রকল্প।
২৭। নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
২৮। উপপরিচালক, পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স, বেইলি রোড, ঢাকা (সভা চলাকালীন সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
২৯। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩০। প্রকল্প পরিচালক, Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT) (CHTRC Part), রাঙ্গামাটি।
৩১। প্রকল্প পরিচালক, Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT) (LGED Part), আগারগাঁও, ঢাকা।
৩২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩৩। নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

৩৪। নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
৩৫। নির্বাহী প্রকৌশলী (ভারপ্রাপ্ত) (ভারপ্রাপ্ত), প্রকৌশল বিভাগ, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
৩৬। নির্বাহী প্রকৌশলী, ইউনিট অফিস, খাগড়াছড়ি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড।
৩৭। নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, ইউনিট অফিস, বান্দরবান, প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ'/'বান্দরবান জেলায় বোর্ড কর্তৃক নির্মিত পল্লী সড়ক উন্নয়ন" শীর্ষক প্রকল্প।।
৩৮। নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, রাঙ্গামাটি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, 'রাঙ্গামাটি পার্বত্য জেলায় কৃষি উন্নয়নের লক্ষ্যে সেচ অবকাঠামো নির্মাণ"/ 'রাঙ্গামাটি পার্বত্য জেলার যোগাযোগ বব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে প্রত্যন্ত সংযোগ সড়কসহ আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণ' শীর্ষক প্রকল্প।
৩৯। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাঙ্গামাটি।
৪০। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বান্দরবান।
৪১। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি।
৪২। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত বিভাগ, রাঙ্গামাটি।
৪৩। প্রকল্প ব্যবস্থাপক, টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প (২য় পর্যায়) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।।
৪৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৪৫। জনসংযোগ কর্মকর্তা, উপদেষ্টার দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৪৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

০৪-১২-২০২৫
মোঃ সালাহ্উদ্দীন
উপসচিব